# শিক্ষার সহিত বাস্তব জীবনের সম্পর্ক থাকিতে হইবে

—প্রধানমন্ত্রী

ধনবাড়ী ( টাঙ্গাইল ), ২রা ফেব্রুয়ারী ( বাসস ) —প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান আজ এখানে বলেন যে, শিক্ষার সহিত অবশ্যই বাস্তব জীবনের সম্পর্ক থাকিতে হইবে এবং চাকুরীরসহিতও সম্পর্কযুক্ত হইতে হইবে।

ধনবাড়ী ডিগ্রী কলেজ প্রাঙ্গণে ছাত্র-শিক্ষক-জনতার এক সমাবেশে প্রধানমন্ত্রী বলেন যে, আধুনিক বিজ্ঞান ও প্রযুক্তির যুগের প্রয়োজনের সহিত সঙ্গতি রাখিয়া দেশে একটি নূতন শিক্ষা পদ্ধতির প্রবর্তন করা হইয়াছে।

তিনি বলেন, ছাত্র ও শিক্ষকসহ জনসাধারণের নিজস্ব রাজনৈতিক আদর্শ অনুসরণের স্বাধীনতা থাকিলেও সকলের মৌলিক শিক্ষা নিশ্চিত করার স্বার্থে শিক্ষাঙ্গনে শান্তি বজার রাখা অত্যাবশ্যক। শাহ আজিজ পুনরায় দৃঢ়তার সহিত বলেন যে, সরকার বাধ্যতামূলক, বিনা-বেতনে ও সার্বজনীন প্রাথমিক শিক্ষা প্রদানের সাংবি-

(৮ম পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## প্রধানমন্ত্রী

( ১ম পৃঃ পর )

ধানিক দায়িত্ব পূরণে বদ্ধপরিকর।

তিনি বলেন, উচ্চ শিক্ষার ক্ষেত্রে বাছাইর প্রয়োজন রহিয়াছে এবং কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার উপর জোর দিতে হইবে।

বাংলাদেশী জাতীয়তাবাদের ভিত্তিতে স্বনির্ভরতা অর্জনের জন্য মরহুম জিয়াউর রহমানের অবদানের কথা উল্লেখ করিয়া প্রধানমন্ত্রী বলেন, বর্তমানে ও ভবিষ্যতে জিয়া প্রেরণার উৎস হিসাবে বিরাজ করিবেন।

ধনবাড়ী ডিগ্রী কলেজে নবাগত সম্বর্ধনা উপলক্ষে আয়োজিত এই অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কলেজের অধ্যক্ষ জনাব তাহের উদ্দিন সরকার এবং অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন বিএনপির যুগ্ম মহাসচিব জনাব জুলমত আলী খান, সংসদ সদস্য মিসেস আশিকা আকবর, সংসদ সদস্য ডঃ শওকত আলী ভূইয়া ও জনাব আফাজুদ্দীন ফকির। পরে, ঢাকা প্রত্যাবর্তনের পথে প্রধানমন্ত্রী টাঙ্গাইল সার্কিট হাউসে সর্বস্তরের জনসাধারণ ও বিএনপি কর্মীদের সহিত সাক্ষাৎ করেন।